

যদি এটা টীনা কলম হয় তবে এটা দাম দিয়ে কেনা সার্থক।

যুক্তিবিজ্ঞানসম্মত রূপ : সকল টীনা কলম হয় এমন যা দাম দিয়ে কেনা সার্থক (A)

যখনই ইচ্ছা হয় তখনই আমি দেশভ্রমণে যাই।

যুক্তিবিজ্ঞানসম্মত রূপ : সকল সময় যখন আমার ইচ্ছা হয়, হয় এমন সময় যখন আমি দেশভ্রমণে যাই (A)।

অনেক সময় উল্লিখিত শব্দগুলির কোনটিও বাক্যে উল্লেখ না থাকতে পারে। সেক্ষেত্রে

বাক্যটির মূল অর্থ অনুধাবন করতে হবে। অর্থ বুঝে বাক্যটিকে যুক্তিবিজ্ঞানসম্মত আকারে রূপান্তরিত করতে হবে।

কয়েকটি উদাহরণ :

বিপদে পড়লেই মানুষ ঈশ্বরকে ডাকে।

যুক্তিবিজ্ঞানসম্মত রূপ : সকল সময় যখন মানুষ বিপদে পড়ে, হয় এমন সময় যখন মানুষ ঈশ্বরকে ডাকে (A)।

একথা ঠিক যে, অতিবৃষ্টি হলেই বন্যা হয়।

যুক্তিবিজ্ঞানসম্মত রূপ : সকল অতিবৃষ্টি হওয়ার সময় হয় বন্যা হওয়ার সময় (A)
কিন্তু; সকল সময় যখন অতিবৃষ্টি হয়, হয় এমন সময় যখন বন্যা হয় (A)।

• যদি কোন বাক্যে 'কখনো নয়', 'কেহ নয়', 'একজনও নয়', 'কোন সময় নয়' ইত্যাদি শব্দ বা এদের সমার্থক শব্দ থাকে তবে বাক্যটিকে E বচনের আকারে রূপান্তর করতে হবে।

কয়েকটি উদাহরণ :

একজন মানুষও অমর নয়।

যুক্তিবিজ্ঞানসম্মত রূপ : কোন মানুষ নয় অমর প্রাণী (E)।

বৃষ্টি হয়ে যাওয়ার ঠিক পরেই কখনো বাসে ওঠা যায় না।